ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা - ১০০০, বাংলাদেশ
ফোন: +৮৮০-৯৬৬৬৯১১৪৬৩, এক্স:৮৯৭৯, ফ্যাক্স:+৮৮০-২-৫৫১৬৭৮১০
ইমেইল: oia@du.ac.bd, registrar@du.ac.bd
ওয়েব: oia.du.ac.bd, du.ac.bd

Office of the International Affairs
University of Dhaka, Dhaka-1000, Bangladesh
Telephone: +880-9666911463, Extn: 8979, Fax No.:+880-2-55167810
Email: oia@du.ac.bd, registrar@du.ac.bd
Web: oia.du.ac.bd, du.ac.bd

বিজ্ঞপ্তি

আদিষ্ট হয়ে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে ইউনিভার্সিডেড দ্যা কোরুনা (Universidade Da Coruna) এর সাথে সমঝোতা স্মারক (MoU) আওতায় ইরাসমাস + কেএ ১৭১ (Erasmus+KA 171) প্রোগ্রামের অধিনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ০২ (দুই) জন শিক্ষার্থীকে সেপ্টেম্বর ২০২৬- জানুয়ারি ২০২৭ এ ইউনিভার্সিডেড দ্যা কোরুনা অধ্যয়নের জন্য মনোনয়ন প্রদান করা হবে। আপনার বিভাগ/ইনস্টিটিউট থেকে মনোনয়নের জন্য একজন আন্ডারগ্রাজুয়েট শিক্ষার্থীর তথ্য (শিক্ষার্থীর নাম, শিক্ষার্থীর বিশ্ববিদ্যালয়ের রেজি. নম্বর, হলের নাম, মোবাইল নম্বর সহ) একাডেমিক কমিটির অনুমোদনক্রমে আগামী ৩০ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিসে (১১১/ক, প্রশাসনিক ভবন, উপাচার্য অফিস সংলগ্ন) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এখানে উল্লেখ্য যে, সংশ্লিষ্ট শিক্ষার্থী ইউনিভার্সিডেড দ্যা কোরুনা বিশ্ববিদ্যালয় থেকে নম্বরপত্রী প্রাপ্ত হলেও ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্রেডিট ট্রান্সফারের সুযোগ না থাকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মূল নম্বরপত্রীতে প্রাপ্ত ক্রেডিট সংযুক্তের সুযোগ নেই। শুধুমাত্র বিভাগের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রেডিট কত হবে ইউনিভার্সিডেড দ্যা কোরুনা-কে অবহিত করা হবে। ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিসের তত্ত্বাবধানে একটি কমিটি এই ধরনের ক্রেডিট ট্রান্সফারের সুযোগ তৈরীর জন্য কাজ করছে। ক্রেডিট ট্রান্সফারের নীতিমালা চূড়ান্ত অনুমোদনের পূর্বে মনোনীত শিক্ষার্থী অবশ্যই বিভাগীয় সকল পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। শুধুমাত্র সেপ্টেম্বর ২০২৬- জানুয়ারি ২০২৭ পর্যন্ত সময়ের ক্লাসে অনুপস্থিতি এবং উক্ত সময়ের মধ্যে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা থাকলে বিভগীয় একাডেমিক কমিটি মনোনীত শিক্ষার্থীকে পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রদান করবে কিনা তা সংশ্লিষ্ট চিঠিতে উল্লেখ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় মনোনয়ন কমিটি কর্তৃক চূড়ান্ত মনোনয়ন প্রদান করা হবে।

Syeda Rozana Rashid 3/3/26
(অধ্যাপক ড. সৈয়দা রোযানা রশীদ)
পরিচালক (অনারারি)
ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রশাসনিক ভবন
ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং-ঢা.বি./ওআইএ/২০২৬/০১৩/সি

তারিখ ঃ ১৮ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৩ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো:

১. সকল অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২. রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩. প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪. সকল হল প্রাধ্যক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৫. সকল বিভাগীয় চেয়ারম্যান, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৬. সকল ইনস্টিটিউটের পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৭. হিসাব পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৮. পরিচালক, আইসিটি সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।)
৯. পরিচালক, সকল গবেষণা কেন্দ্র/ব্যুরো, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১০. আহ্বায়ক, কেন্দ্রিয় ভর্তি অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১১. সকল অফিস প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১২. সকল ডেপুটি রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৩. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, উপাচার্যের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৪. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, উপ-উপাচার্যের (প্রশাসন) অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৫. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, উপ-উপাচার্যের (শিক্ষা) অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৬. সহকারী রেজিস্ট্রার ও সচিব, কোষাধ্যক্ষের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৭. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৮. নোটিশ বোর্ড, রেজিস্ট্রারের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।

03.03.2026
(মোঃ এমরান হোসেন)
সিনিয়র কার্টোগ্রাফার
ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়